দৈনিক ইনকিলাব

তারিখ 02 DEC 1998
পৃষ্ঠা ৬ কলাম 2

## ইসলামী বিশ্ববিদ্যালয়

# ছাত্রশূন্য ক্যাম্পাসে শিক্ষক-রাজনীতি জমজমাট

ইঃ বিঃ রিপোর্টার ঃ ছাত্রশূন্য ইসলামী বিশ্ববিদ্যালয় ৲ ক্যাম্পাসে শিক্ষক-রাজনীতি জমে উঠেছে। বিগত কয়েক সপ্তাহ যাবত শিক্ষক সমিতির নির্বাচন নিয়ে বিভিন্ন ফোরামের শিক্ষকদের মধ্যে লবিং-গ্রুপিং জোরেশোরে চললেও আগামী ৮ ডিসেম্বর নির্বাচন আদৌ অনুষ্ঠিত হবে কিনা তা নিয়ে সংশয় দেখা দিয়েছে। ইঃ বিঃ শিক্ষক সমিতি কর্তৃক গঠিত নির্বাচন কমিশন ইতিমধ্যে নির্বাচনী তফসিল ঘোষণা করেছে। তফসিল অনুযায়ী গত ২৯ নভেম্বর ছিল মনোনয়নপত্র বিতরণের নির্ধারিত দিন। বিগত বছরগুলোর ন্যায় জিয়া পরিষদ ও ইসলামীপন্থী শিক্ষকবৃন্দ একই প্যানেলের অন্তর্ভুক্ত হয়ে মনোনয়নপত্র উঠালেও আওয়ামীপন্থী শাপলা ফোরামের শিক্ষকবৃন্দ ফরম না উঠানোর কারণে আগামী ৮ ডিসেম্বর শিক্ষক সমিতির নির্বাচন না হওয়ার আশংকা দেখা দিয়েছে। শাপলা ফোরাম গঠণতন্ত্র মোতাবেক নির্বাচনের তারিখ পিছিয়ে দেয়ার আবেদন জানালে রিটার্নিং অফিসার কর্তৃক তা প্রত্যাখ্যাত হয়। নির্বাচন কমিশন জানিয়েছে, শিক্ষক সমিতির গঠনতন্ত্র মোতাবেক নির্বাচনের তারিখ এবং অন্যান্য কার্যক্রম সম্পাদিত হয়েছে।